নিয়োগ বিজ্ঞপ্তি

পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর সনদপ্রাপ্ত জাতীয় পর্যায়ের বেসরকারি উন্নয়ন সংস্থা; যার এমআরএ সনদ নং-০২১৫০-০১৫৬৩-০১৫৯। **পপি** দীর্ঘ প্রায় ০৪ দশক যাবত দারিদ্র্যতা হ্রাসকরণ, সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করে যাচ্ছে। সংস্থাটি বর্তমানে দেশের ৩৫টি জেলায় ৩১৯টি শাখার মাধ্যমে ক্ষুদ্র অর্থায়ন ও বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। সংস্থার ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

"পপি" পরিবারে যুক্ত হোন-নিজের সম্ভাবনাকে বিকশিত করুন, মানুষের জীবনের ইতিবাচক পরিবর্তনে ভুমিকা রাখুন

মাঠ পর্যায়ে কর্মীদের বিশেষ সুযোগ-সুবিধাসমূহ ঃ

- **প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন ঃ** কাজের সঙ্গে সম্পর্কিত নিয়মিত প্রশিক্ষণ এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির সুযোগ।
- **ক্যারিয়ার গড়ার সুযোগ ঃ** যোগ্যতা, অভিজ্ঞতা ও কর্মদক্ষতার ভিত্তিতে পদোন্নতি এবং উচ্চতর পদে কাজ করার সুযোগ।
- **কর্মজীবনে নিরাপত্তা ঃ** সংস্থার নীতিমালা অনুযায়ী চাকরির নিরাপত্তা ও অন্যান্য প্রাতিষ্ঠানিক সুযোগ-সুবিধা।
- **ডিজিটাল দক্ষতা অর্জন ঃ** আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI), ডিজিটাল প্রযুক্তি ও আধুনিক টুলস ব্যবহারে প্রশিক্ষণ নিয়ে নিজেকে ভবিষ্যৎ কর্মজগতের উপযোগী করে গড়ে তোলার সুযোগ।

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	বেতন
১	কর্মসূচী ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম)	০৫	সর্বোচ্চ ৪৮ বছর	ন্যুনতম স্নাতক/ সমমান	সংশ্লিষ্ট পদে কমপক্ষে ১৫টি শাখা পরিচালনার ০২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এবং ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে ন্যুনতম ১০ বছর কাজের অভিজ্ঞতা।	প্রবেশন (Probation) কালে সর্বসাকুল্যে ৬৬,৮৬২/-এবং স্থায়ীকরণের পর ৭৩,৮০৩/-।
২	সহকারী কর্মসূচী ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম)	২৫	সর্বোচ্চ ৪৭ বছর	ন্যুনতম স্নাতক/ সমমান	সংশ্লিষ্ট পদে কমপক্ষে ০৪টি শাখা পরিচালনার ০২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এবং ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে ন্যুনতম ০৭ বছরের অভিজ্ঞতা।	প্রবেশন (Probation) কালে সর্বসাকুল্যে ৫২,২৯৬/- এবং স্থায়ীকরণের পর ৫৭,৭৭৪/-।
৩	শাখা ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম)	৭৫	সর্বোচ্চ ৪৩ বছর	ন্যুনতম স্নাতক/ সমমান	ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যুনতম ০১ বছরের অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনার মৌলিক (Basic) ধারণা থাকতে হবে।	প্রবেশন (Probation) কালে সর্বসাকুল্যে-৪৩,৭২৮/- এবং স্থায়ীকরণের পর-৫০,৮৮২/- (লাঞ্চ ভাতাসহ)।
৪	সহকারী শাখা হিসাব ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম)	৭৫	সর্বোচ্চ ৩৫ বছর	বাণিজ্যে ন্যুনতম স্নাতক	সংশ্লিষ্ট পদে ন্যুনতম ০১ বছরের কাজের অভিজ্ঞতাসহ MS Word, MS Excel, Email ও Internet Browsing সম্পর্কে ভাল ধারণা থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় পারদর্শী না হলে আবেদন করার প্রয়োজন নাই।	প্রবেশন (Probation) কালে সর্বসাকুল্যে-৩৩,১২০/- এবং স্থায়ীকরণের পর-৩৯,১৩০/- (লাঞ্চ ভাতাসহ)।
৫	মাঠ কর্মকর্তা (ঋণ কার্যক্রম)	৩০০	২২-৩৫ বছর	ন্যুনতম স্নাতক/ সমমান	অভিজ্ঞতার প্রয়োজন নাই।	প্রবেশন (Probation) কালে সর্বসাকুল্যে-২৫,৫৭২/- এবং স্থায়ীকরণের পর-৩০,৭৬৮/- (লাঞ্চ ভাতাসহ)।

অন্যান্য শর্ত ও সুবিধাসমূহ ঃ

- সকল পদের ক্ষেত্রে প্রবেশন (Probation) কাল ৬ মাস।
- প্রবেশন (Probation) কালে মোবাইল বিল, সহজ শর্তে একক আবাসন সুবিধা (৩, ৪ ও ৫ নং পদের জন্য প্রযোজ্য), সহজ শর্তে মোটরসাইকেল ক্রয়ের ঋণ ও মোটরসাইকেলের জ্বালানী, রক্ষণাবেক্ষণ ব্যয় (১, ২ ও ৩ নং পদের জন্য প্রযোজ্য) এবং স্থায়ীকরণের পর বাৎসরিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি, বছরে দুইটি উৎসব ভাতা ও বৈশাখী ভাতা প্রাপ্য হবেন।
- সংস্থার নিয়ম অনুযায়ী দূরত্ব ভাতা, উৎসাহ ভাতা, হাওড় ভাতা ও শহর ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা হবে।
- চট্রগ্রাম রিজিওন (চট্রগ্রাম ও কক্সবাজার জেলা) এ নিয়োগপ্রাপ্ত কর্মীগণ অতিরিক্ত ২,৫০০/- বিশেষ ভাতা প্রাপ্য হবেন।
- সংস্থার নিয়ম অনুযায়ী মাঠ কর্মকর্তাগণ মোটরসাইকেল জ্বালানী ও রক্ষণাবেক্ষণ বিল প্রাপ্য হবেন।
- নিয়োগের জন্য মনোনীত হলে প্রার্থীদের জামানত বাবদ পদ অনুযায়ী, শাখা ব্যবস্থাপক ২৫,০০০/- টাকা, সহকারী শাখা হিসাব ব্যবস্থাপক ২৫,০০০/- টাকা, মাঠ কর্মকর্তা ২০,০০০/- টাকা নগদ প্রদান করতে হবে; যা চাকরি শেষে লাভসহ ফেরতযোগ্য। মাঠ কর্মকর্তা পদে নির্বাচিত প্রার্থীদের ০৫ (পাঁচ) দিনের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে। মৌলিক প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০/-(চার হাজার) টাকা নিয়োগপত্র গ্রহণের সময় নগদে প্রদান করতে হবে।
- নির্বাচিত প্রার্থীগণকে সংস্থার কর্মএলাকায় (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, ময়মনসিংহ, রংপুর, বরিশাল ও সিলেট) বিভাগে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- শুধুমাত্র মাঠ কর্মকর্তা পদের প্রার্থীদের নরসিংদী, কুমিল্লা, ময়মনসিংহ, রংপুর, ঢাকা ও চট্টগ্রাম ভেন্যুতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। **মাঠ কর্মকর্তা পদের প্রার্থীগণ যে ভেন্যুতে পরীক্ষা দিতে ইচ্ছুক তা অবশ্যই খামের উপরে উল্লেখ করতে হবে।**
- মাঠ কর্মকর্তা পদের প্রার্থীদেরকে **"পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি)"** একাউন্ট নম্বর-৪৪১৫৬০৩০০০০৭১ (সোনালী ব্যাংক লিঃ, ধানমন্ডি কর্পোরেট শাখা) এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে ২০০/-টাকা অনলাইনে জমা করে জমা রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে নারী-পুরুষ প্রার্থীদের সমান গুরুত্ব প্রদান করা হবে। যে কোন প্রকার সুপারিশ (চাকরি প্রাপ্তি/পোস্টিং) প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ধুমপায়ীদের আবদেন করার প্রয়োজন নাই।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

আগ্রহী প্রার্থীগণকে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র, শিক্ষা ও অভিজ্ঞতার সনদপত্র, পূর্বের প্রতিষ্ঠানের ছাড়পত্র (অভিজ্ঞতার ক্ষেত্রে), বৈধ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (১, ২ ও ৩ নং পদের জন্য প্রযোজ্য), সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, এলাকার দুইজন গণ্যমান্য ব্যক্তির (যাদের মধ্যে অবশ্যই একজন শিক্ষক) নাম, ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখপূর্বক A4 সাইজের পেপারে আবেদনপত্র আগামী ১৯/১১/২০২৬ তারিখের মধ্যে **বরাবর, মানবসম্পদ ও প্রশিক্ষণ বিভাগ, পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭,** ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রধান কার্যালয়েও সরাসরি আবেদনপত্র জমা দেয়া যাবে। আবেদনপত্রে অবশ্যই পদের নাম, নিজস্ব মোবাইল নাম্বার ও ই-মেইল আইডি উল্লেখ করতে হবে। সকল পদের ক্ষেত্রে খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

বিঃদ্রঃ বিস্তারিত জানতে POPI Job Circular Facebook Page: https://www.facebook.com/popibd86 & website: www.popibd.org দেখুন।

"নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ"